196

দৈনিক সংবাদ

তারিখ 24 OCT 1996
পৃষ্ঠা 7 কলাম 4

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সার্টিফিকেট চুরি হাতেনাতে ধরা পড়েছে দুই কর্মচারী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ডিগ্রির সার্টিফিকেট চুরি করে নিয়ে যাওয়ার সময় হাতেনাতে ধরা পড়েছে বিশ্ববিদ্যালয়ের দুজন কর্মচারী।

গতকাল দুপুর একটার দিকে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের দু'কর্মচারী খায়রুল বাসার ও বিল্লাল হোসেন ২৬টি সার্টিফিকেট চুরি করে নিয়ে যাওয়ার সময় পুলিশ গোপন সূত্রের ভিত্তিতে এ দু'জনকে কাঁটাবন মার্কেট এলাকা থেকে গ্রেফতার করে। ধৃত ব্যক্তিদের জবানবন্দি অনুযায়ী পরে এ ঘটনার সাথে জড়িত থাকার সন্দেহে পুলিশ আরও দুজনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত দুজন হচ্ছে সূর্যসেন হলের মেডিক্যাল এটেনডেন্ট শহিদ ও চা দোকানদার সালেক।

ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের জন্য উপাচার্য ৪ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছেন। কমিটি দোষী ব্যক্তিদের শাস্তির সুপারিশসহ ১৫ দিনের মধ্যে রিপোর্ট প্রদান করবে। খবর সংবাদবিজ্ঞপ্তির।